দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 05 MAY 1989 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 2 ...

014

# জাল সার্টিফিকেট দেয়ায় প্রধান শিক্ষকের বিরুদ্ধে মামলা

(সংবাদদাতা)

শেরপুর, ৪ঠা মে।—জাল এস এস সি সার্টিফিকেট প্রদানের অভিযোগে শেরপুর সদর উপজেলার চর শেরপুর গণ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে দুর্নীতি দমন বিভাগ মামলা দায়ের করেছে।

প্রকাশ উক্ত প্রধান শিক্ষক ঢাকা বোর্ডের এক শ্রেণীর অসাধু কর্মচারীর যোগসাজসে মোটা অংকের টাকার বিনিময়ে দীর্ঘদিন যাবত জাল সার্টিফিকেট ব্যবসা চালিয়ে আসছেন। এসব জাল সার্টিফিকেট ব্যবহার করে অনেকেই সরকারী চাকরি পর্যন্ত করে আসছে।

শেরপুর জেলা দুর্নীতি দমন বিভাগ সূত্রে জানা গেছে জাল সার্টিফিকেটধারী শেরপুর সদর উপজেলার সাতানী পাড়ার মেরেজা খাতুন চাপাতিয়া পাড়ার সেলিম এবং বটতলার গৌতম কুমার বসাকের বিরুদ্ধে শেরপুর থানায় পৃথক মামলা দায়ের করা হয়েছে। পুলিশ এসব মামলার চার্জশীট দিয়েছে।